


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ,
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

১৫/০১/২০২৫ খ্রি. তারিখের দৈনিক যুগান্তর পত্রিকায় “জালিয়াতির মাধ্যমে ৩৬ মেট্রিক টন চাল আত্মসাতের চেষ্টা” শিরোনামে খবর প্রকাশিত হয়। প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্রের মাধ্যমে খাদ্য অধিদপ্তর এবং **M/S Pattabhi Agro Foods Private Limited, Velpur-534 222, Tanuku Mandal, W.G. Dt. AP, India** এর মধ্যে ১১/১১/২০২৪ তারিখে সম্পাদিত চুক্তির আওতায় **MV. Tanais Dream** জাহাজে ২৪,৬৯০ মে. টন নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে ২৫/১২/২০২৪ খ্রি. তারিখে চট্টগ্রাম বন্দরে আগমন করে। জাহাজটি খালাস শেষে ০৯.০১৯ মে. টন সুইপিংসহ মোট ৩৬.৩৬৯ মে. টন অতিরিক্ত চাল পাওয়া যায়, যা চুক্তি পত্রের **Clause-1** মোতাবেক (৫%±) শিপমেন্ট সীমার মধ্যে রয়েছে।

অতিরিক্ত চাল প্রচলিত নিয়মে কাস্টমস ও বন্দরের বিদ্যমান আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক চট্টগ্রামস্থ দেওয়ানহাট সিএসডিতে সংরক্ষণের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রণ কার্যালয়ের ০৬/০১/২০২৫ তারিখের ১৩.০১.০০০০.৪০১.৯৯.০০২.২৩.২০ নং স্মারক পত্রে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।

এমতাবস্থায়, “জালিয়াতির মাধ্যমে ৩৬ মেট্রিক টন চাল আত্মসাতের চেষ্টা” শিরোনামে প্রকাশিত সংবাদটি সঠিক নয়। ভবিষ্যতে যথাযথ তথ্যভিত্তিক বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।


মোঃ আব্দুল খালেক
মহাপরিচালক
খাদ্য অধিদপ্তর, ঢাকা।